

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০২.২০১৬(অংশ-১)-৯৩০

তারিখ : ১৭ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।
০১ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন ০৩নং ঘিলাছড়া ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ আশরাফ আলী ২০১৪-২০১৫ অর্থ বছরে ১% স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ প্রাপ্ত ৬.০০ (ছয়) লক্ষ টাকা ৬টি প্রকল্প খাতে ব্যয় না করে নিজ ও ব্যক্তি নামের চেক প্রদান করে জালিয়াতির আশ্রয় গ্রহণপূর্বক উক্ত ৬.০০ (ছয়)লক্ষ টাকা ব্যাংক হতে উত্তোলন করে আত্মসাত করেছেন;

যেহেতু, তাঁর এরূপ কর্মকান্ড স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের দোষে দোষী হন অথবা পরিষদের কোন অর্থ বা সম্পত্তির কোন ক্ষতি সাধন বা উহার আত্মসাতের বা অপপ্রয়োগের সামিল বিধায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ আশরাফ আলীকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০২.২০১৬(অংশ-১)-৯৩০

তারিখ : ১৭ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।
০১ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, সিলেট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ আশরাফ আলী, ভারপ্রাপ্ত চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০৩ নং ঘিলাছড়া ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব